গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

শুক্রবার | ১৬ সেপ্টেম্বর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১২ সংখ্যা | ১ আশ্বিন ১৪২৯ সাল | ১৯ সফর ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

## প্রিমিয়ার ভার্সিটিতে সেমিনারে উপাচার্য

# সামাজিক সমস্যা তুলে ধরার ক্ষেত্রে সমাজবিজ্ঞানই মুখ্য ভূমিকা পালন করছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের উদ্যোগে ও ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেলের (আইকিউএসি) সহযোগিতায় 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। গতকাল বৃহস্পতিবার জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, টেকসই উন্নয়নের প্রধান দুটি ক্ষেত্র হলো স্বাস্থ্য ও শিক্ষা। এই প্রসঙ্গে তিনি বলেন, ১৯৪৭ সালে তৎকালীন পূর্ববঙ্গে মানুষের গড় আয়ু ছিল ২৮ বছর। বর্তমানে তা বেড়ে ৭২এ উন্নীত হয়েছে। এর পেছনে যেমন ভূমিকা রয়েছে অ্যান্টিবায়োটিক ঔষধ আবিষ্কারের, তেমনি রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক সামাজিক সচেতনতা বৃদ্ধির। এই সচেতনতা বৃদ্ধির পেছনে রাষ্ট্রের সমাজসম্পর্কিত ভূমিকা রয়েছে। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, টেকসই উন্নয়ন মানুষের জন্য, মানুষের ভবিষ্যত নিরাপদ করার জন্য। এজন্য বর্তমানটাও নিরাপদ করতে হবে। তিনি মানুষের ভবিষ্যত নিরাপত্তার জন্য অপচয় রোধ করাটাও টেকসই উন্নয়নের অংশ বলে উল্লেখ করেন।

বিভাগের শিক্ষক তানিয়া মাহমুদা তিন্নির সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলোতে অপরিকল্পিত উন্নয়ন হয়েছে। এ কারণে সমাজের ও প্রকৃতির নানা ক্ষতি হয়েছে। টেকসই উন্নয়ন হলো পরিবেশবান্ধব ও সামগ্রিক উন্নয়ন। মূল প্রবন্ধে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 Sep 2022, Page: 2, Col: 7
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-09-16

এ গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম শুক্রবার ১৬ সেপ্টেম্বর ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

cleanzy
Formulations Ltd.
ক্লিনজি টয়লেট ক্লিনার লিকুইড
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ২০৫ তম সংখ্যা।। ১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।। ১৯ সফর ১৪৪৪ হিজরি।। Friday 16 September 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির সোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের উদ্যোগে আইকিউএসি'র সহযোগিতায় 'টেকসই উন্নয়নে সমাজ-বিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, টেকসই উন্নয়নের প্রধান দুটি ক্ষেত্র হলো স্বাস্থ্য ও শিক্ষা। স্বাস্থ্য ও শিক্ষা ছাড়াও তিনি সামাজিক অসাম্য ও দারিদ্রজনিত সমস্যা ইত্যাদি তুলে ধরার ক্ষেত্রে সমাজবিজ্ঞানই মুখ্য ভূমিকা পালন করেছে। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিভাগের শিক্ষক তানিয়া মাহমুদা তিন্নির সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলোতে অপরিকল্পিত উন্নয়ন হয়েছে। এ কারণে সমাজের ও প্রকৃতির নানা ক্ষতি হয়েছে। টেকসই উন্নয়ন হলো পরিবেশবান্ধব ও সামগ্রিক উন্নয়ন। মূল প্রবন্ধে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, কৃচ্ছ্রতা ও সংযমপ্রবণতা জাতীয় ও টেকসই উন্নয়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ।স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক অর্পা পাল। সেমিনারে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 16 Sep 2022, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-09-16

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

শুক্রবার
চট্টগ্রাম
১৬ সেপ্টেম্বর ২০২২
১ আশ্বিন ১৪২৯
১৯ সফর ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৬৪

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phictg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
বাংলাদেশকে ৫০ কোটি ডলার বাজেট সহায়তা দেবে এডিবি

▶ দশ কথার এক কথা
বিএনপির ২২ দলীয় জোটের মধ্যে তালেবানও আছে : তথ্যমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত মৃত্যু
১,২৮,৭৪৫ ১,৩৬৭

▶ শেষ পাতায়
আজ ভুটান বাধা পেরিয়ে ফাইনালে যাবার দিন



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনার

# সামাজিক অসাম্য তুলে ধরতে মুখ্য ভূমিকা রেখেছে সমাজবিজ্ঞান

প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের উদ্যোগে ও ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি) এর সহযোগিতায় 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টায় জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, টেকসই উন্নয়নের প্রধান দুটি ক্ষেত্র হলো স্বাস্থ্য ও শিক্ষা। ১৯৪৭ সালে তৎকালীন পূর্ববঙ্গে মানুষের গড় আয়ু ছিল ২৮ বছর। বর্তমানে তা বেড়ে ৭২-এ উন্নীত হয়েছে। এর পেছনে যেমন ভূমিকা রয়েছে অ্যান্টিবায়োটিক ঔষধ আবিষ্কারের, তেমনি রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক সামাজিক সচেতনতা বৃদ্ধির। এই সচেতনতা বৃদ্ধির পেছনে রাষ্ট্রের সমাজসম্পর্কিত ভূমিকা রয়েছে। সারা দেশব্যাপী ভ্যাকসিনের প্রসার বিশেষভাবে উল্লেখযোগ্য, যা সম্ভব হয়েছে কমিউনিটি ক্লিনিকসমূহের মাধ্যমে। এছাড়া মাতৃ মৃত্যুহার ও শিশুমৃত্যুহার হ্রাসেও কমিউনিটি ক্লিনিকের ভূমিকা রয়েছে। স্বাস্থ্য ও শিক্ষা ছাড়াও তিনি সামাজিক অসাম্য ও দারিদ্রজনিত সমস্যা ইত্যাদি তুলে ধরার ক্ষেত্রে সমাজবিজ্ঞানই মুখ্য ভূমিকা পালন করেছে বলে উল্লেখ করেন। তিনি প্রাকৃতিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে সামাজিক বনায়নের ভূমিকাও তুলে ধরেন।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, টেকসই উন্নয়ন মানুষের জন্য, মানুষের ভবিষ্যত নিরাপদ করার জন্য। এজন্য বর্তমানটাও নিরাপদ করতে হবে। তিনি মানুষের ভবিষ্যত নিরাপত্তার জন্য অপচয় রোধ করাটাও টেকসই উন্নয়নের অংশ বলে উল্লেখ করেন।

বিভাগের শিক্ষক তানিয়া মাহমুদা তিন্নির সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলোতে অপরিকল্পিত উন্নয়ন হয়েছে। এ কারণে সমাজের ও প্রকৃতির নানা ক্ষতি হয়েছে। টেকসই উন্নয়ন হলো পরিবেশবান্ধব ও সামগ্রিক উন্নয়ন। মূল প্রবন্ধে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, কৃচ্ছ্রতা ও সংযমপ্রবণতা জাতীয় ও টেকসই উন্নয়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ। স্বাগত বক্তব্য দেন বিভাগের শিক্ষক অর্পা পাল। সেমিনারে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 Sep 2022, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?date=16-09-2022&page=2

চট্টগ্রাম • শুক্রবার • ১৬ সেপ্টেম্বর ২০২২ • ১ আশ্বিন ১৪২৯ • ১৯ সফর ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৩১

রূপান্তর নবযাত্রা ৩১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ মুক্তমনা বিস্মৃত কবি শামসুন নাহার

৫ জমি জবরদখল ও ঝিরিতে বিষ প্রয়োগের প্রতিবাদে বিক্ষোভ

৬ এক গোলে ২ রেকর্ড মেসি'র



**'নিপুণকে যৌনকর্মী ভেবে এগিয়ে আসেন খদ্দের'**

আজ মুক্তি পাচ্ছে সাইদুল ইসলাম রানা পরিচালিত প্রথম সিনেমা 'বীরত্ব'। এই সিনেমায় জুটি বেঁধে অভিনয় করেছেন মামনুন হাসান ইমন ও নবীন নায়িকা নিশাত নাওয়ার সালওয়া।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের উদ্যোগে ও ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-র সহযোগিতায় 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, টেকসই উন্নয়নের প্রধান দুটি ক্ষেত্র হলো স্বাস্থ্য ও শিক্ষা। এই প্রসঙ্গে তিনি বলেন, ১৯৪৭ সালে তৎকালীন পূর্ববঙ্গে মানুষের গড় আয়ু ছিল ২৮ বছর। বর্তমানে তা বেড়ে ৭২-এ উন্নীত হয়েছে। এর পেছনে যেমন ভূমিকা রয়েছে অ্যান্টিবায়োটিক ঔষধ আবিষ্কারের, তেমনি রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক সামাজিক সচেতনতা বৃদ্ধির। এই সচেতনতা বৃদ্ধির পেছনে রাষ্ট্রের সমাজসম্পর্কিত ভূমিকা রয়েছে। সারা দেশব্যাপী ভ্যাকসিনের প্রসার বিশেষভাবে উল্লেখযোগ্য, যা সম্ভব হয়েছে কমিউনিটি ক্লিনিকসমূহের মাধ্যমে। এছাড়া মাতৃমৃত্যুহার ও শিশুমৃত্যুহার হ্রাসেও কমিউনিটি ক্লিনিকের ভূমিকা রয়েছে। স্বাস্থ্য ও শিক্ষা ছাড়াও তিনি সামাজিক অসাম্য ও দারিদ্রজনিত সমস্যা ইত্যাদি তুলে ধরার ক্ষেত্রে সমাজবিজ্ঞানই মুখ্য ভূমিকা পালন করেছে বলে উল্লেখ করেন। তিনি প্রাকৃতিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে সামাজিক বনায়নের ভূমিকাও তুলে ধরেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির।

মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, টেকসই উন্নয়ন মানুষের জন্য, মানুষের ভবিষ্যৎ নিরাপদ করার জন্য। এজন্য বর্তমানটাও নিরাপদ করতে হবে। তিনি মানুষের ভবিষ্যৎ নিরাপত্তার জন্য অপচয় রোধ করাটাও টেকসই উন্নয়নের অংশ বলে উল্লেখ করেন।

বিভাগের শিক্ষক তানিয়া মাহমুদা তিন্নির সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলোতে অপরিকল্পিত উন্নয়ন হয়েছে। এ কারণে সমাজের ও প্রকৃতির নানা ক্ষতি হয়েছে। টেকসই উন্নয়ন হলো পরিবেশবান্ধব উন্নয়ন।

স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক অর্পা পাল। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 Sep 2022, Page: 4, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-09-16